রপ্তানি উন্নয়ন ব্যুরো
মেলা ও প্রদর্শনী বিভাগ
টিসিবি ভবন
১,কাওরান বাজার, ঢাকা

স্মারক নম্বর-২৬.০২.০০০০.০৩১.৫৮.৮৪০.২৪- ৩১৮৭

তারিখঃ ২৪ ভাদ্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৮ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

**বিষয়:** আগামী ১৪-১৭ ফেব্রুয়ারি ২০২৬ সময়ে ইউএসএ এর নিউ ইয়র্ক-এ অনুষ্ঠেয় Toy Fair 2026 শীর্ষক মেলায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আগামী ১৪-১৭ ফেব্রুয়ারি ২০২৬ সময়ে ইউএসএ এর নিউ ইয়র্ক-এ অনুষ্ঠেয় Toy Fair 2026 শীর্ষক মেলা অনুষ্ঠিত হবে। উক্ত মেলায় অংশগ্রহণের বিষয়ে রপ্তানি উন্নয়ন ব্যুরো সিদ্ধান্ত গ্রহণ করেছে। মেলার তথ্যাদি নিম্নরূপ:

| | |
|---|---|
| মেলার নাম | Toy Fair 2026 |
| মেলার সময়কাল | 14-17 February, 2026 |
| মেলার ভেন্যু | Jacob K. Javits Convention Center, 42911thAvenueNewYork, NY10001 |
| মেলা আয়োজনকারী সংস্থা | The Toy Association Inc. |
| বুথের সাইজ | Raw Space (10 × 10) Sqf |
| বুথ টাইপ | Raw Space |
| বুথ ভাড়াঃ | বাংলাদেশি মুদ্রায়ঃ ৫০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকা মাত্র।<br>(বুথ নির্মাণ ও অন্যান্য ব্যয় পরবর্তী পে-অর্ডারের মাধ্যমে গ্রহণ করা হবে।) |
| প্রদর্শণী পণ্যঃ | All kinds of toys. |

০২। প্রতিষ্ঠানের সক্ষমতা অনুযায়ী আগ্রহী অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহকে বুথ মূল্যের উপর নিম্নরূপভাবে ভর্তুকি (Subsidy) প্রদান করা হবে।

(i) তৈরি পোশাক ব্যতীত অন্যান্য খাতের প্রতিষ্ঠানের ক্ষেত্রে:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | রপ্তানিকারক সকল প্রতিষ্ঠানের জন্য | "ক" | ৪৫% |
| ০২ | প্রারম্ভিক (কোন রপ্তানি নাই) | "খ" | ৫০% |

(ii) বিশেষ খাত:

| ক্রঃ নং | রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার) | ক্যাটাগরী | ইপিবির প্রদেয় সর্বোচ্চ সহায়তা শতকরা |
|---|---|---|---|
| ০১ | নারী উদ্যোক্তা | - | ৬০% |

০৩। বর্ণিতাবস্থায়, আপনার প্রতিষ্ঠান/সমিতির সদস্য প্রতিষ্ঠানসমূহ উক্ত মেলায় অংশগ্রহণে আগ্রহী হলে প্রয়োজনীয় কাগজ পত্রাদিসহ ব্যুরোর নির্ধারিত ছক মোতাবেক আবেদন পত্রের সাথে প্রযোজ্য হারে অংশগ্রহণ ফি ইপিবি-এর অনুকূলে পে-অর্ডার **আগামী ২৮-০৯-২০২৫** তারিখের (দুপুর ১:০০ ঘটিকা) মধ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা বিভাগে দাখিলের জন্য অনুরোধ করা হলো। আবেদন পত্র ব্যুরোর ওয়েবসাইট (www.epb.gov.bd) থেকে ডাউন লোড করা যাবে। আবেদন পত্রের সাথে (ইআরসি, ট্রেডলাইসেন্স, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট, অংশগ্রহণকারী প্রতিনিধির পাসপোর্ট কপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, অঙ্গীকারনামা, অন্যান্য দেশ ভ্রমণের ভিসা কপি, সর্বশেষ অর্থ বছরের পিআরসি, ইপিবি'র রেজিস্ট্রেশন সার্টিফিকেট ইত্যাদি) প্রয়োজনীয় ডকুমেন্টস অবশ্যই দাখিল করতে হবে।

০৪। উল্লেখ্য, ভিসা ইস্যু সম্পূর্ণই দূতাবাসের নিজস্ব বিবেচনা বিধায় কোন কারণে কোন প্রতিনিধি ভিসা প্রাপ্ত না হলে ইপিবি দায়-দায়িত্ব বহন করবে না। **কোন প্রতিষ্ঠান নির্বাচিত হওয়ার পর কোন কারণে মেলায় অংশগ্রহণ না করলে/ভিসা প্রাপ্ত না হলে অংশগ্রহণ ফি ফেরতযোগ্য নয়। তবে কোন আবেদনকারী প্রতিষ্ঠান মনোনীত না হলে তাদের অংশগ্রহণ ফি বাবদ দাখিলকৃত পে-অর্ডার ফেরৎ দেয়া হবে।**

০৮.০৯.২০২৫
(মাহমুদুল হাসান)
পরিচালক (যুগ্ম সচিব)
মেলা ও প্রদর্শনী বিভাগ

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক), ১৩৭-১৩৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইলঃ chairman@bscic.gov.bd
২. চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন, পর্যটন ভবন (লেভেল: ৬-৭), ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ইমেইল: info@smef.gov.bd

৩. President, Federation of Bangladesh Chambers of Commerce and Industry (FBCCI), Email: fbcci@bol-online.com

৪. President, Bangladesh Palastic Goods Manufacturers & Exporters Associations, Paltan Tower, Suite-603 & 604, 87, Purana Paltan Line (6th Floor), Dhaka-1000, Email: bpgmea13@gmail.com

৫. Chairman, Women and e-Commerce Ltd. (WE) Email; skilmakabir@gmail.com/offcialinfo.we@gmai.com

৬. President, Bangladesh Chamber of Commerce & Industry, Email: bci@bdcom.com

৭. সভাপতি, চট্রগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ, চেম্বার হাউজ, আগ্রাবাদ বা/এ, চট্রগ্রাম। ফোনঃ ০৩১-৭৩১৩৫৫, ফ্যাক্সঃ ০৩১-৭১০১৮৩ E-mail: info@ctgchamber.com

৮. সভাপতি, ওমেন এন্টারপ্রেনিয়ার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, এ্যাংকার টাওয়ার (১১ তলা) ১/১, বি সোনারগাঁও রোড, ঢাকা। ফোনঃ ৮৬১৯৫২১, ৮৬১৫৮৯৫, ফ্যাক্সঃ ৮৬১৮৮৬১, E-mail: info@weab.org

৯. সভাপতি, চট্টগ্রাম ওমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, জাহান বিল্ডিং-৫ (৩য় তলা), ৭৪, আগ্রাবাদ, বা/এ, চট্টগ্রাম-৪১০০। ফোনঃ +৮৮-০৩১-৭২৬৫২৩, ২৫১৪৩৩২, ফ্যাক্সঃ +৮৮-০৩১-৭১০৫৭২, ই-মেইলঃ info@cwcci.org, cwcbd@yahoo.com

১০. President, Sylhet Chamber of Commerce and Industry, Chamber Bhaban, Jail Road, Sylhet, Tel: 02996631703 02996632141, Mobile: 01794-499684, E-mail: sylhetchamber@gmail.com of Commerce and Industry dustry

১১. President, WEND, JibonBima Corporation, Motijheel, Dhaka.

১২. প্রোগ্রামার, রপ্তানী উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই নোটিশটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। Commercial Counsellor, Embassy of the People's Republic of Bangladesh, 3510 International Drive, NW, Washington, D.C.20008, washington.cc@mincom.gov.bd (সদয় অবগতির জন্য)।

০২। পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। পিএ টু মহাপরিচালক-১, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।